কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদফতর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা ।
*www.dae.gov.bd*

## অফিস আদেশ

নং ১০৬৯১০(৮০) তাং ৭/১০/২০১৫

**বিষয়ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধি এবং সরকারি নীতিমালা বাস্তবায়নের লক্ষ্যে প্রথম শ্রেনীর সকল গ্রেডের কর্মকর্তাদের নিজ জেলার বাইরে পদায়ন/প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কাজের গতিশীলতা বৃদ্ধি এবং সরকারি নীতিমালা বাস্তবায়নের লক্ষ্যে প্রথম শ্রেনীর সকল গ্রেডের কর্মকর্তাদের নিজ জেলার বাইরে পদায়ন করা অতীব জরুরী । ইতোমধ্যে ডিএই-এর বিভিন্ন উইং-এর অন্তর্ভুক্ত কর্মপরিসরে বিভিন্ন পর্যায়ে কিছুসংখ্যক প্রথম শ্রেনীর কর্মকর্তাগণ নিজ জেলায় পদায়িত হয়ে কর্মরত রয়েছে- যা কর্তৃপক্ষের নজরে এসেছে ।

২. এমতাবস্থায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিধি মোতাবেক অতিরিক্ত পরিচালকগণ প্রাপ্ত ক্ষমতাবলে জেলার বাইরে পদায়ন করবেন এবং প্রযোজ্য ক্ষেত্রে অবশিষ্ট কর্মকর্তাদের নাম, গ্রেডেশন নং, নিজজেলা, জন্ম তারিখ, চাকুরিতে যোগদানের তারিখ, বর্তমান কর্মস্থলে যোগদানের তারিখ, মন্তব্য ইত্যাদি লিপিবদ্ধ করে ২০ অক্টোবর ২০১৫ এর মধ্যে পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা বরাবরে তালিকা প্রেরণ করতে হবে ।

৩. কৃষি মন্ত্রণালয়ের ২৩.১০.১২ খ্রিঃ এর ১৩৬২ স্মারকে বদলী ও পদায়নের নীতিমালা এবং স্থানীয় সরকার মন্ত্রণালয়ের ০১.০৯.১৫ খ্রিঃ এর ১০৪৫ স্মারকে বদলী ও পদায়নের নীতিমালা অনুসরণ করতে হবে ।

৪. স্বামী-স্ত্রী সরকারি চাকুরীজীবি হলে সেক্ষেত্রে বদলী/পদায়ন সরকারি নীতিমালা প্রযোজ্য হবে ।

(মোঃ আব্দুল গফুর)
উপ-পরিচালক (প্রশাসন)
পক্ষে-মহাপরিচালক
ফোন-০২-৯১২৫০৫৩

**অতিরিক্ত পরিচালক**
**কৃষি সম্প্রসারণ অধিদপ্তর**
**--------------------অঞ্চল, ------------------ ।**

**অনুলিপি জ্ঞাতার্থেঃ**

১. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা ।
২. পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা ।
৩. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,---------------------,(সকল) ।
৪. অফিস নথি ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-১ শাখা

নং -১২.০৫২.০২২.০০.০০.০০১.২০১২-১৩৬২ তারিখঃ ২৩ অক্টোবর ২০১২।

বিষয়ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট,বীজ প্রত্যয়ন এজেন্সি ও কৃষি তথ্য সার্ভিস এর ১ম ও ২য় শ্রেণীর কর্মকর্তা এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তা বা সমমানের কর্মকর্তাদের বদলি ও পদায়ন

# নীতিমালা

কৃষি মন্ত্রণালয় ২৬ সেপ্টেম্বর ১৯৯৪ তারিখে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনষ্টিটিউট, বীজ প্রত্যয়ন এজেন্সি ও কৃষি তথ্য সার্ভিস এর ১ম শ্রেণীর কর্মকর্তাগণের বদলি সংক্রান্ত বিষয়ে একটি নীতিমালা জারি করে। অনেক ক্ষেত্রে জারিকৃত নীতিমালা সঠিকভাবে অনুসরণ না করে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাদের বদলি করা হয় এবং মন্ত্রণালয়েও বদলরি প্রস্তাব করা হয়। পদায়ন নীতিমালা সঠিকভাবে অনুসরণ না করা কাঙ্খিত নয়। উল্লিখিত সংস্থাসমূহের জনবল ব্যবস্থাপনা ও কাজের গতিশীলতা আনার জন্য কৃষি মন্ত্রণালয়ের ২৬ সেপ্টেম্বর ১৯৯৪ তারিখের সঃ-১/ক-৬/৯৩/৪৬৫ নং সংখ্যক স্মারকে জারিকৃত বদলির নীতিমালা ও কর্তৃত্ব সংশোধন করে পুনরাদেশ না দেয়া পর্যন্ত নিম্নরূপ এ নীতিমালা জারি করা হলো।

১. বিসিএস (কৃষি) ক্যাডারের প্রবেশ পদে, নন-ক্যাডার পদে ও অন্যান্য ১ম শ্রেণীর প্রবেশ পদে চাকরিতে নিয়োগ লাভের পর প্রযোজ্য ক্ষেত্রে প্রথম পোষ্টিং বাধ্যতামূলকভাবে উপজেলা/মাঠ পর্যায়ে দেয়া হবে।

২. বিসিএস (কৃষি) ক্যাডার, নন-ক্যাডার ও অন্যান্য ১ম শ্রেণীর পদে কর্মরত কর্মকর্তাগণকে পদবি নির্বিশেষে একটি পদে পদায়নের পর সাধারণত ২(দুই)বছর ও সর্বোচ্চ ৩(তিন) বছর চাকরি করতে হবে। কোন কর্মস্থলে ৩(তিন) বছর চাকরি পূর্তির অব্যবহিত পূর্বে বদলির আদেশ জারি করা হবে। তবে প্রশাসনিক কারণে একজন কর্মকর্তাকে উক্ত মেয়াদ উত্তীর্ণ হবার পূর্বেও বদলি করা যেতে পারে।

৩. ৩(তিন)টি পার্বত্য জেলায় যারা ২(দুই) বছরের অধিককাল কর্মরত আছেন তাঁদের সমতল জেলায়/ উপজেলায় বদলি করার সরকারি সিদ্ধান্ত কৃষি ক্যাডার, নন-ক্যাডার ও অন্যান্য ১ম শ্রেণীর পদে কর্মরত কর্মকর্তাদের ক্ষেত্রেও অনুসৃত হবে।

৪. কৃষি সম্প্রসারণ কর্মকর্তা, বৈজ্ঞানিক কর্মকর্তা (ক্যাডার ও নন-ক্যাডার) ও উহার সম-বেতনের অন্যান্য পদধারী এবং তদুর্দ্ধ পর্যায়ের কর্মকর্তাগণকে নিজ জেলায় পোষ্টিং দেয়া যাবে না। তবে অতিরিক্ত পরিচালক ও তদুর্ধ কর্মকর্তাদের ক্ষেত্রে এ বিধান শিথিলযোগ্য।

৫. ন্যায়-নীতির খাতিরে কেন্দ্রীয় ও প্রত্যন্ত অঞ্চলে নিয়োগের সুবিধা/অসুবিধা সুষ্ঠুভাবে বন্টনের উদ্দেশ্যে মাঠ পর্যায়ের চাকরিরত কর্মকর্তাগণকে প্রত্যন্ত অঞ্চল হতে কেন্দ্রীয় অঞ্চলে এবং কেন্দ্রীয় অঞ্চল হতে প্রত্যন্ত অঞ্চলে পর্যায়ক্রমে সম্ভাব্য সকল ক্ষেত্রে বদলি করা হবে। কেবল জনস্বার্থে এ নীতির ব্যতিক্রম করা যেতে পারে।

৬. দেশে অথবা বিদেশে প্রশিক্ষণ সমাপনান্তে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বিধি-বিধান মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে যেন কর্মস্থলে যোগদান করতে পারেন সংশ্লিষ্ট দপ্তর/অধিদপ্তর তার নিশ্চয়তা বিধানে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

৭. যাঁরা সরকারি চাকরিতে শেষ প্রান্তে উপনীত হয়েছেন অর্থাৎ এক বছর সময়ের মধ্যে অবসর গ্রহণ করবেন তাঁদের ক্ষেত্রে স্ব-স্ব পছন্দমত স্থানে বদলি করা যেতে পারে অথবা ২ নং শর্ত কিছুটা শিথিল করে বর্তমান কর্মস্থলেই বহাল রাখা যেতে পারে। তবে বিশেষ প্রশাসনিক কারণে এ ব্যবস্থা ব্যতিক্রম ঘটানো যেতে পারে।

৮. সরকারি চাকরিতে নিযুক্ত স্বামী ও স্ত্রীকে যথাসম্ভব একই কর্মস্থলে রাখার বিধান রয়েছে। তাই স্বামী এবং স্ত্রী উভয়েই সরকারি চাকরিতে একইস্থানে কর্মরত থাকলে এবং তাঁদের মধ্যে কারও চাকরিকাল একই কর্মস্থলে ৩ (তিন) বছর পূর্ণ হলে তাঁর ক্ষেত্রে তিন বছর মেয়াদকাল কিঞ্চিত শিথিল করা যেতে পারে অথবা তাঁকে এমন স্থানে বদলির ব্যবস্থা নেয়া যেতে পারে যেখান হতে স্বামী এবং স্ত্রীর মধ্যে সহজে পারস্পরিক যোগাযোগ রক্ষা করা সম্ভবপর হয়। সরকারী চাকরিতে নিযুক্ত স্বামী এবং স্ত্রী ইতিমধ্যেই যদি এমনস্থানে কর্মরত থেকে থাকেন যেখান হতে তাঁদের মধ্যে সহজে যোগাযোগ সম্ভব হচ্ছে না এরূপ ক্ষেত্রে তাঁদের একজনকে সম্ভব হলে এমন স্থানে বদলির ব্যবস্থা করতে হবে যেখান হতে তাদের মধ্যে সহজে যোগাযোগ রক্ষা করা যায়। এক্ষেত্রে তিন বছরের মেয়াদকালের প্রয়োগ শিথিল করা যেতে পারে।

৯. বদলির আদেশ জারি করার পূর্বে সবদিক বিবেচনা করে দেখতে হবে। জনস্বার্থকে অগ্রাধিকার দিতে হবে এবং তুচ্ছ কারণে বদলি পরিহার করতে হবে। কোন কর্মস্থলে দুই বছর পূর্তির পূর্বে যদি কোন কর্মকর্তা নিজের প্রয়োজনে বদলির আবেদন করেন তবে তার এ বদলি আদেশ জনস্বার্থে করা যাবে না এবং উক্ত কর্মকর্তা সরকারের দেয় সুবিধা হিসেবে বদলিজনিত ভ্রমণ ভাতা প্রাপ্য হবেন না।

১০. বদলিকৃত কর্মকর্তার পুরাতন কর্মস্থল ত্যাগ ও নতুন কর্মস্থলে যোগদানের তারিখ বদলির আদেশে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। বদলির আদেশে সংশ্লিষ্ট কর্মকর্তার আই.ডি. নম্বর উল্লেখ করতে হবে।

১১. স্বাস্থ্যগত কারণে কোন বদলি সাময়িকভাবে স্থগিত করার প্রয়োজনীয়তা দেখা দিলে বদলীকারী কর্তৃপক্ষ পর্যায়ে স্থগিত করা যাবে। তবে কতদিনের জন্য স্থগিত করা হলো তা উল্লেখ করতে হবে।

১২. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক (৫ম গ্রেড) ও উহার সমপর্যায়ের ও তদুর্ধ পর্যায়ের পদসমূহে বদলি সংক্রান্ত যাবতীয় কার্যক্রম উপরে উল্লিখিত নীতিমালা অনুসরণে কৃষি মন্ত্রণালয় হতে সরাসরি সম্পন্ন করা হবে। এ ব্যাপারে প্রশাসনিক দপ্তর/অধিদপ্তর কর্তৃক সুপারিশ/প্রস্তাব প্রয়োজনে গ্রহণ করা হবে।

১৩. প্রশাসনিক দপ্তরে/অধিদপ্তরের সদর দপ্তরে বেতনস্কেল নির্বিশেষে ১ম শ্রেণীর সকল পদে মাঠ পর্যায় হতে সদর দপ্তরে এবং সদর দপ্তর হতে মাঠ পর্যায়ে বদলির কার্যক্রম মন্ত্রণালয় হতে সরাসরি সম্পন্ন করা হবে। এ বিষয়ে প্রশাসনিক দপ্তরের/অধিদপ্তরের প্রস্তাব/সুপারিশ প্রয়োজনে গ্রহণ করা হবে।

১৪. ১২ ও ১৩ নম্বর অনুচ্ছেদে উল্লিখিত ক্ষেত্র ব্যতীত অপরাপর কর্মকর্তাগণের প্রশাসনিক দপ্তরে/অধিদপ্তরের প্রধান কর্তৃক উপরে উল্লিখিত নীতিমালার অনুসরণে বদলি করা হবে। তবে বর্ণিত নীতিমালার কোন ব্যতিক্রম করতে হলে মন্ত্রণালয়ের পূর্বানুমতি নিতে হবে।

১৫. বদলির আদেশে উল্লিখিত সময়সীমার মধ্যে সংশ্লিষ্ট কর্মকর্তা নতুন কর্মস্থলে যোগদান করবেন। নিজের পছন্দমত স্থানে ও পদে বদলির জন্য জারিকৃত বদলির আদেশ বাতিলের জন্য কোন কর্মকর্তা তদবীরের আশ্রয় গ্রহণ করলে উহা অসদাচরণ বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে শৃংখলামূলক কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। তাছাড়া সংশ্লিষ্ট কর্মকর্তার বার্ষিক গোপনীয় অনুবেদনেও তা সন্নিবেশ করা যেতে পারে।

১৬. কোন কর্মকর্তা নিজ সংস্থা ব্যতিরিকে অন্য কোন সংস্থায় তিন বছরের অধিক সময় প্রেষণে থাকতে পারবেন না। নিজ সংস্থার কোন প্রকল্পে প্রেষণে নিয়োগের ক্ষেত্রে এ নীতি শিথিলযোগ্য। তবে একজন কর্মকর্তা একটি প্রকল্প শেষে যাতে অন্য কোন প্রকল্পে পুনরায় প্রেষণে নিয়োগ না পান সেদিকে নজর রাখতে হবে।

১৭. কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্ভিদ সংরক্ষণ উইং (সংগনিরোধ ও কীটনাশক প্রশাসন), কৃষি প্রশিক্ষণ ইনষ্টিটিউট, হর্টিকালচার সেন্টার এবং বীজ প্রত্যয়ন এজেন্সীতে একনাগারে কোন কর্মকর্তা তিন বছরের অধিক সময় পদায়িত থাকতে পারবেন না। তবে যদি কোন কর্মকর্তা বিশেষ কোন কাজের সাথে জড়িত থাকেন এবং তিনি অপরিহার্য হন তবে উক্ত কর্মকর্তার জন্য আরো এক বছর শিথিল করা যেতে পারে।

১৮. মাঠ পর্যায়ে সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তাগনকে নিজ জেলাতে এবং উপ-সহকারী কৃষি কর্মকর্তা বা সমমানের কর্মকর্তাদের নিজ উপজেলাতে পদায়ন করা যাবে না।

১৯. উল্লিখিত নীতিমালার যথাযথ অনুসরণে রুটিন ধরণের নিয়োগ/বদলি সাধারণতঃ বছরের একটি সুনির্দিষ্ট সময়ে করতে হবে যাতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের পারিবারিক/ব্যক্তিগত অসুবিধার সৃষ্টি না হয়। সংশ্লিষ্ট কর্মকর্তাদের সন্তানদের লেখাপড়া যাতে বিঘ্নিত না হয় সে জন্য সাধারণতঃ বছরের মাঝামাঝি সময়ে বদলি পরিহার করতে হবে। অননুমোদিতভাবে অনুপস্থিত কর্মকর্তাদের সম্পর্কে তথ্যাদি সংশ্লিষ্ট দপ্তর প্রধান তাৎক্ষণিকভাবে মন্ত্রণালয়ে প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করতে হবে। এর ব্যত্যয় হলে নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ তার জন্য দায়ী হবেন।

২০. দপ্তর/অধিদপ্তরের সদর, বিভিন্ন কার্যালয়ের ৫ম গ্রেড ও তদূর্ধ পর্যায়ে কর্মরত কর্মকর্তাগণের জীবন ও চাকরি বৃত্তান্ত কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ-১ এবং সম্প্রসারণ-৩ শাখার কম্পিউটারে এবং অন্যান্য কর্মকর্তাগণের তথ্যাদি সংশ্লিষ্ট দপ্তরের কম্পিউটারে ধারণ করা হবে। এ উদ্দেশ্যে প্রশাসনিক দপ্তর/অধিদপ্তরে প্রতি ৪ মাস অন্তর তথ্যাদি (হালনাগাদ) মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবে। কম্পিউটারে কৃষি মন্ত্রণালয় ও প্রশাসনিক দপ্তরসমূহ প্রতি কর্মকর্তার জন্য আলাদা আলাদা আই.ডি. নম্বর ব্যবহার করবে।

২১. দপ্তর/অধিদপ্তরের সকল কর্মকর্তাদের জীবন ও চাকরি বৃত্তান্ত পিডিএস ফরমে জরুরিভিত্তিতে সংরক্ষণ করতে হবে যাতে তাঁর সমগ্র কর্মজীবনের তথ্যাদি সন্নিবেশিত থাকবে। সুষ্ঠু পদায়নের ক্ষেত্রে যাতে সংশ্লিষ্ট দপ্তর/ অধিদপ্তরের ওয়েব সাইটে একজন কর্মকর্তার আইডি নম্বরে ক্লিক করে সকল তথ্য জানা সম্ভব হয়।

২২. উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদন ছাড়া এ নীতিমালার লঙ্ঘন শৃংখলা পরিপন্থী কার্য বলে গণ্য করা হবে।

২৩/১০/১২

মনজুর মোর্শেদ
সচিব
কৃষি মন্ত্রণালয়

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
সম্প্রসারণ-১ শাখা
(www.moa.gov.bd)

নং-১২.০৫২.০৩৫.০০.০০.০০৬.২০১০-১১১৯ তারিখ ঃ ১৫ সেপ্টেম্বর ২০১৫

**বিষয় ঃ উপজেলা পরিষদে হস্তান্তরিত বিষয়ে কার্যক্রম পরিচালনা, পরামর্শ প্রদান ও নির্দেশনা জারির উদ্দেশ্যে জাতীয় পর্যায়ে গঠিত কমিটির দ্বাদশ সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।**

*সূত্র ঃ স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের ০১ সেপ্টেম্বর ২০১৫ তারিখের ৪৬.০৪৬.০০৬.০০.০০.০০১.২০১২-১০৪৫ সংখ্যক পত্র।*

উপর্যুক্ত বিষয়ে স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের উপজেলা-১ শাখা হতে প্রাপ্ত সূত্রোক্ত পত্রের ছায়ালিপি এতদ্সঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত ঃ ০৪ (চার) পাতা।

(মোঃ সারওয়ার মুর্শেদ চৌধুরী)
উপ-সচিব
ফোন ঃ ৯৫৫৮৮৫৩
ই-মেইল ঃ sasexten1@moa.gov.bd

মহাপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা।

অনুলিপি ঃ সদয় অবগতির ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। **(দৃঃআঃ-সিনিয়র সহকারী সচিব, উপজেলা-১ শাখা)।**
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (সম্প্রসারণ উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।
৪। যুগ্ম-সচিব (সম্প্রসারণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।

জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০০৬.০০.০০.০০১.২০১২-১০৪৫ তারিখ : ০১ সেপ্টেম্বর, ২০১৫

বিষয় : উপজেলা পরিষদে হস্তান্তরিত বিষয়ে কার্যক্রম পর্যালোচনা, পরামর্শ প্রদান ও নির্দেশনা জারির উদ্দেশ্যে জাতীয় পর্যায়ে গঠিত কমিটির দ্বাদশ সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪৬.০০৬.০০.০০.০০১.২০১২-৯২৩; তারিখ : ০২ আগস্ট, ২০১৫।

উপজেলা পরিষদে হস্তান্তরিত বিষয়ে কার্যক্রম পর্যালোচনা, পরামর্শ প্রদান ও নির্দেশনা জারীর উদ্দেশ্যে জাতীয় পর্যায়ে গঠিত কমিটির দ্বাদশ সভা মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে ২৩ জুলাই, ২০১৫ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। দ্বাদশ সভার অন্যান্য সিদ্ধান্তের মধ্যে ৩.১ নং সিদ্ধান্তটি নিম্নরূপ :

**সিদ্ধান্ত:**

(ক) চিকিৎসক ও সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে যথারীতি নিজ জেলা কিংবা উপজেলায় পদায়ন করা যাবে;

(খ) প্রথম শ্রেণীর অন্যান্য কর্মকর্তাকে নিজ জেলা ছাড়া অন্য জেলায় বদলি/পদায়ন এবং দ্বিতীয় শ্রেণীর কর্মকর্তাদেরকে নিজ উপজেলা ব্যতীত অন্য উপজেলায় বদলি/পদায়ন করা যাবে; তবে উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাদেরকে নিজ জেলায় বদলি/পদায়ন করা যাবে না;

(গ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (মহিলা)-দের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কেস-টু-কেস ভিত্তিতে নিজ উপজেলা ব্যতীত অন্য উপজেলায় বদলি/পদায়ন করতে পারবে;

(ঘ) তৃতীয় ও চতুর্থ শ্রেণীর কর্মচারীদেরকে নিজ উপজেলা ব্যতীত নিজ জেলার মধ্যে অন্য উপজেলায় বদলি/পদায়ন করা যাবে।

০২. এমতাবস্থায়, উপর্যুক্ত সিদ্ধান্ত মোতাবেক ব্যবস্থা গ্রহণ করে গৃহীত ব্যবস্থা মন্ত্রিপরিষদ বিভাগ ও স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০৩ (তিন) পাতা।

(ড.জুলিয়া মঈন)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫৬২২৪৭

১। সিনিয়র সচিব
..................................... মন্ত্রণালয়/বিভাগ

২। সচিব
..................................... মন্ত্রণালয়/বিভাগ।

অনুলিপি :
১। মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ

D-7th National Committee/Letter-1